

Visit of External Affairs Minister to the Philippines (February 13-15, 2022)

February 15, 2022

বিদেশ মন্ত্রীর ফিলিপাইনস সফর (ফেব্রুয়ারি 13-15, 2022)

ফেব্রুয়ারি 15, 2022

1. বিদেশমন্ত্রী ডঃ জয়শংকর 13 থেকে 15ই ফেব্রুয়ারি 2022 -এ ফিলিপাইনস সফর করেছেন। বিদেশ মন্ত্রী(ইএএম) হিসেবে এটাই ওনার প্রথম ফিলিপাইনস সফর ছিল।

2. ইএএম তার সমতুল ফিলিপাইনসের বিদেশ বিষয়ক সচিব হিজ এক্সেলেন্সি তেওদোর এল লকসিন জুনিয়ারের সাথে একটি দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। দুই মন্ত্রী দ্বিপাক্ষিক সহযোগিতার যৌথ কমিশনের বৈঠকের পর থেকে দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়ন পর্যালোচনা করেছেন যেখানে তারা 2020 সালের নভেম্বরে ভার্সুয়াল ফর্ম্যাটে সহ-সভাপতি হয়েছিলেন। তারা দুই দেশের মধ্যে বিস্তৃত সম্পৃক্ততার ভবিষ্যত গতিপথ নিয়েও আলোচনা করেছেন। দুই মন্ত্রী পারস্পরিক স্বার্থের আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ের উপরে তাদের গভীর মত বিনিময় করেছেন।

3. মন্ত্রীর দ্বিপাক্ষিক সম্পর্কের সাম্প্রতিক প্রবণতাগুলিকে স্বাগত জানিয়েছেন যেগুলি উভয় দেশের নেতৃত্বের দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্য রেখে পারস্পরিক উপযোগী সহযোগিতাকে আরও গভীর করতে এবং নতুন নতুন ক্ষেত্রের সম্প্রসারণে অবদান রেখেছে। তারা সন্ত্রাস দমন এবং প্রতিরক্ষা এবং সামুদ্রিক নিরাপত্তা, প্রতিরক্ষা সক্ষমতা বেঠন করে রাখার পাশাপাশি সামরিক প্রশিক্ষণ এবং সক্ষমতা বৃদ্ধিতে যুক্ত থাকার জন্য আরও কাজ করতে সম্মত হয়েছে।

4. দ্রুত বর্ধনশীল বাজার অর্থনীতি হিসাবে দুই দেশের মধ্যে পরিপূরকতার আলোকে এবং সরবরাহ শৃঙ্খলের বৈচিত্র্য আনার ক্ষেত্রে যৌথ আগ্রহের আলোকে, তারা কৃষি, অবকাঠামোর মতো বিভিন্ন ক্ষেত্রে এবং স্বাস্থ্য ও ফার্মাসিউটিক্যালস, পর্যটন, আইসিটি, এবং বিজ্ঞান ও প্রযুক্তির মত বৃহত্তর ক্ষেত্রে অর্থনৈতিক সহযোগিতার পাশাপাশি বাণিজ্য ও বিনিয়োগের সংযোগ আরও প্রসারিত করার প্রচেষ্টা করতে সম্মত হয়েছে। ফিনটেক, ক্ল ইকোনমি, পুনর্নবীকরণযোগ্য শক্তি, মহাকাশ, সাইবার নিরাপত্তা এবং পরস্পরাগত ওষুধের মতো উদীয়মান ক্ষেত্রগুলিতে সহযোগিতা বাড়ানোর সাম্প্রতিক উদ্যোগগুলিকে মন্ত্রীর সন্তোষজনকভাবে উল্লেখ করেছেন।

5. দুই দেশের মধ্যে ব্যবসা, পর্যটন এবং ছাত্র বিনিময় প্রসারিত করতে, উভয় পক্ষই ভারত ও ফিলিপাইনের মধ্যে একটি সরলীকৃত ভিসা ব্যবস্থার প্রয়োজনীয়তার বিষয়ে সম্মত হয়েছে। এছাড়াও ইএএম, ফিলিপাইনে ভারতীয় মেডিকেল ছাত্রদের দ্রুত প্রত্যাবর্তনের সুবিধা প্রদান করার জন্য ফিলিপাইন সরকারের মনোযোগ কামনা করেছে।

6. উভয় মন্ত্রী বহুপাক্ষিক ফোরামে ঘনিষ্ঠভাবে সমন্বয় সাধন করতে সম্মত হয়েছেন এবং একটি বহুমুখী অংশীদারিত্বের প্রতি তাদের দৃঢ় অঙ্গীকারকে পুনর্ব্যক্ত করেছেন। এটি ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দুটি গণতন্ত্রের উন্নয়নমূলক আকাঙ্ক্ষা এবং ভাগ করা অগ্রাধিকারগুলিকে সহজতর করবে।

7. সফরের সময়, সবিদেশ মন্ত্রী যথাক্রমে প্রতিরক্ষা সচিব হিজ এক্সেলেন্সি ডেলফিন লোরেনজানা, অর্থ সচিব হিজ এক্সেলেন্সি কার্লোস ডোমিনেগুয়েজ III, এবং কৃষি সচিব হিজ এক্সেলেন্সি ডঃ উইলিয়াম দার-এর

সাথেও প্রতিরক্ষা, অর্থ ও কৃষি খাতে সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচনা করার জন্য মতবিনিময় করেছেন।

৪. বিদেশমন্ত্রী ম্যানিলায় ভারতীয় সম্প্রদায়ের একটি অংশের সাথে আলাপচারিতা করেছেন। তিনি দুই দেশের জনগণের মধ্যে বন্ধুত্ব ও সৌহার্দ্য বৃদ্ধিতে তাদের ভূমিকার প্রশংসা করেন এবং ভারত ও ফিলিপাইনের জনগণের মধ্যে সেতু হিসেবে কাজ চালিয়ে যাওয়ার আহ্বান জানান।

নিউ দিল্লি

ফেব্রুয়ারি 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.